বাংলাদেশ-ভারত মৈত্রী অটুট থাকুক শ্লোগানে মানব বন্ধন

বাংলাদেশ-ভারত মৈত্রী অটুট থাকুক শ্লোগানে বাংলাদেশ সচেতন নাগরিক কমিটির ব্যানারে মানব বন্ধন কর্মসুচি পালন করেন বিভিন্ন শ্রেণী পেশার প্রতিনিধিসহ সংগঠনের সদস্যরা ।

’৭১ এর মুক্তিযুদ্ধে ভারত সরকার এবং ভারতীয় সেনাবাহিনীর আত্মত্যাগ এবং অবদানের কথা স্মরণ করে বক্তব্য রাখেন অংশগ্রহনকারীরা । দুই দেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক অটুট থাকার পক্ষে এবং সীমান্তে চীনা বাহিনীর হামলায় ২০ ভারতীয় সেনা হত্যার প্র্রতিবাদও জানান তারা বক্তব্যে।

মুক্তিযোদ্ধা আবদুল মালেক সরকারের সঞ্চালনায় সম্প্রতি (শনিবার) দিনাজপুর প্রেসক্লাবের সামনের সড়কে অনুষ্ঠিত এই মানব বন্ধনে বক্তব্য রাখেন রতন সিংহ,গোলাম নবী দুলাল,সৈকত পাল প্রমুখ ।

গাংনীতে পানিতে ডুবে যাওয়া কিশোর মিলনের মরদেহ উদ্ধার করে ফায়ার সার্ভিস

পুকুরে মাছ ধরতে গিয়ে পানিতে ডুবে যাওয়ার প্রায় আড়াই ঘন্টা পর উদ্ধার হয় কিশোর মিলনের মরদেহ। এলাকাবাসী অনেক চেস্টার পরে ব্যার্থ হয়ে খবর দেয় গাংনীর ফায়ার সার্ভিস অফিসকে। ফায়ার সার্ভিসের একটি দল সেখানে পৌছানোর আগেই পানির নিচে তলিয়ে মিলন। হৃদয় বিদারক ঘটনাটি ঘটে গতকাল বিকালে গাংনী উপজেলার করমদি গ্রামে পশ্চিম পাড়ায়।

জানাগেছে,করমদি গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে মিলন (১০) প্রতিবেশি মোজাম্মেলের পুকুরে মাছ ধরতে যেয়ে পানিতে পড়ে যায়। পথ

চারিরা মিলনের পড়ে যাওয়া দেখে পুকুরে নেমে তাকে খোঁজার চেষ্টা করে ব্যার্থ হয়। অবশেষে গাংনীর বামুন্দি ফায়ার সার্ভিসকে খবরদিলে ফায়ার সার্ভিসের একটি দল ঘটনা স্থলে গিয়ে ঘন্টা ব্যাপী চেষ্টার পর প্রায় ১২/১৫ ফিট পানির নিচ থেকে মিলনের মরদেহ ওই দিন সন্ধা সাড়ে ৭ টার দিকে উদ্ধার করে।

সাব অফিসার ইছাহাক আলীর নের্তৃত্বে এসময় ফায়ার ম্যান আরিফ হোসেনসহ অনেকেই উপস্থিত ছিলেন। মিলনের মৃত্যুর খবরে পরিবারসহ এলাকায় শোক নেমে আসে। ফায়ার সার্ভিসের সাব অফিসার মহিউদ্দীন জানান, খবর দিতে অনেক দেরী করেছে এলাকাবাসী। তবে এঘটনার পর থেকে যেকোন দুর্ঘটনা ঘটলে দ্রত ফায়ার সার্ভিসকে সংবাদ পৌছানোর অনুরোধ জানান।

মেহেরপুরে স্বেচ্ছাসেবক সংগঠনের মাস্ক বিতরণ

কোরোনা মোকাবেলায় মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি মহাদয়ের নির্দেশনায় মাস্ক বিতরণ করা।

সোমবার বিকেল ৩ তার দিকে মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ মাস্ক বিতরণের উদ্বোধন করেন।

উদ্বোধনকালে তিনি বলেন, আমরা স্বেচ্ছাসেবক সংগঠন থেকে মাস্ক বিতরনের মাধ্যমে মানুষকে সচেতন করার চেষ্টা চালাচ্ছি। তিনি আরও বলেন আমরা যদি সচেতন হই, আমাদের পরিবারসহ আশেপাশের মানুষজন সুস্থ থাকবে। স্বাস্থ্যবিধি মেনে আমাদের চলাচল করতে হবে। করোনা ভাইরাস প্রতিরোধে মাস্ক একটি গুরুত্বপূর্ণ উপকরণ।

মেহেরপুর বড়বাজার থেকে কাসারিপাড়া মোড় পর্যন্ত রিকশাচালক, ইজিবাইক চালকসহ সাধারণ মানুষের মাঝে মাস্ক বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, কুতুবউদ্দিন আহমেদ সাধারণ সম্পাদক মেহেরপুর

সরকারি কলেজ শাখা ছাত্রলীগ। আওয়ামী যুবলীগ নেতা আলাউদ্দিন ও আব্দুল্লাহ আল মামুন,

সিনিয়র সহ-সভাপতি রাজু আহমেদ লিটিল,
সাবেক মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক ফয়সাল আহমেদ রকি, রাজীব আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগ,সহ-সভাপতি তানভির আহমেদ, সাধারন সম্পাদক তুহিন সাবেক প্রমূখ।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে প্রতিবন্ধীদের মাঝে হুইলচেয়ার বিতরণ

মেহেরপুরে প্রতিবন্ধিদের মাঝে হুইল চেয়ার বিতরণ
মেহেরপুরে এডিপি’র অর্থায়নে প্রতিবন্ধিদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে।

রবিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার সম্মেলন কক্ষে সদর উপজেলার ৩২ জন প্রতিবন্ধিদের মাঝে এই চেয়ার বিতরণ করা হয়।

উপজেলা সমাজ সেবা অধিদপ্তরের উদ্যোগে ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় চলাচলে অক্ষম ব্যক্তিদের হাতে চেয়ার গুলো তুলে দেওয়া হয়।

হুইল চেয়ার বিতরণে উপস্থিত ছিলেন, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম, ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম, লতিফুন নেছা লতা।

মেপ্র/এমএফআর

গত ২৪ ঘণ্টায় দেশে ৪০১৪ জনের করোনা শনাক্ত

গত ২৪ ঘণ্টায় বাংলাদেশে নতুন করে আরও ৪০১৪ জনের শরীরে করোনাভাইরাসের (কোভিড-১৯) সংক্রমণ শনাক্ত হয়েছে। ফলে মোট শনাক্তের সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ৪১ হাজার ৮০১ জনে।

আজ সোমবার দুপুরে করোনা পরিস্থিতি নিয়ে নিয়মিত স্বাস্থ্য বুলেটিনে স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা এ তথ্য জানান।

গত ২৪ ঘণ্টায় মৃত্যু হয়েছে আরও ৪৫ জনের। এ নিয়ে মোট মৃত্যু হলো ১৭৮৩ জনের। সূত্র-যুগান্তর

বুড়িগঙ্গা ট্রাজেডির দিনে ৪৫ জনের প্রাণ কাড়ল করোনা

বুড়িগঙ্গা নদীতে লঞ্চডুবির ঘটনার দিনে করোনাভাইরাসে দেশে আরও ৪৫ প্রাণ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ১ হাজার ৭৮৩ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ৪ হাজার ১৪ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ১ লাখ ৪১ হাজার ৮০১ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৫৩ জন এবং মোট সুস্থ ৫৭ হাজার ৭৮০ জন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে। সূত্র-যুগান্তর

বুড়িগঙ্গায় লঞ্চ ডুবির ঘটনায় ২৫ জনের মৃতদেহ উদ্ধার

রাজধানীর বুড়িগঙ্গা নদীতে অর্ধশতাধিক যাত্রী নিয়ে একটি লঞ্চ ডুবে গেছে।

সোমবার সকাল ৯টার দিকে সদরঘাটের শ্যামবাজার পয়েন্টে যাত্রীবাহী লঞ্চ ডুবির ঘটনায় ২৫ জনের মৃতদেহ উদ্ধার করা হয়েছে। এছাড়া আরও অর্ধশতাধিক মানুষ নিখোঁজ রয়েছেন বলে জানা গেছে।

ফায়ার সার্ভিসের ডিউটি অফিসার রোজিনা আক্তার জানান, ময়ূর-২ নামের একটি লঞ্চের সঙ্গে ধাক্কা লেগে মর্নিং বার্ড লঞ্চটি ডুবে যায়।

খবর পেয়ে ফায়ার সার্ভিসের ডুবুরি দল ঘটনাস্থলে গিয়ে উদ্ধারকাজ চালাচ্ছেন। এখনও হতাহতের কোনো খবর পাওয়া যায়নি বলে জানান তিনি।

সূত্রে জানা গেছে, সকাল পৌনে ৮টার দিকে মর্নিং বার্ড লঞ্চটি অর্ধশতাধিক যাত্রী নিয়ে মুন্সীগঞ্জ থেকে ঢাকার উদ্দেশে ছেড়ে আসে। পথে ফরাশগঞ্জ এলাকায় ময়ূর-২ নামের লঞ্চের সঙ্গে ধাক্কা লাগলে ডুবে যায় সেটি।

কেরানীগঞ্জের একটি ডকইয়ার্ড থেকে মেরামত শেষে ময়ূর-২ নদীতে নামানোর সময় ওই দুর্ঘটনা ঘটে বলে জানা গেছে।

ডুবে যাওয়া লঞ্চটি থেকে কয়েকজন যাত্রী সাঁতরে পাড়ে উঠলেও অনেকেই নিখোঁজ রয়েছেন বলে জানিয়েছেন স্থানীয়রা।

এদিকে খবর পেয়ে উদ্ধার কাজে অংশ নিতে নারায়ণগঞ্জ থেকে

বিআইডব্লিউটিএর উদ্ধারকারী জাহাজ রওনা দিয়েছে বলে খবর পাওয়া গেছে।

বিআইডব্লিউটিএর যুগ্ম পরিচালক (বন্দর) একেএম আরিফ উদ্দিন বলেন, সকাল ৯টার দিকে মুন্সীগঞ্জ থেকে ছেড়ে আসা মর্নিং বার্ড লঞ্চটি সদরঘাটে বার্দিং করার আগ মুহূর্তে চাঁদপুরগামী ময়ূর-২ লঞ্চটি ধাক্কা দেয়। এতে সঙ্গে সঙ্গে তুলনামূলক ছোট মর্নিং বার্ড লঞ্চটি ডুবে যায়। এ সময় লঞ্চটিতে কমপক্ষে অর্ধশতাধিক যাত্রী ছিলেন বলে জানান তিনি। সূত্র- যুগান্তর

মেহেরপুরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর ১০ বোতল ফেন্সিডিল সহ জুয়েল রানা নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

রবিবার দিবাগত রাতে এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে গাংনী উপজেলার কাজীপুর গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক জুয়েল রানা কাজীপুর গ্রামের জিন্নাত আলীর ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, আটক জুয়েল রানার বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।
মেপ্র/এমএফআর

ঝিনাইদহে ফেন্সিডিলসহ নারী

মাদক ব্যবসায়ী গ্রেফতার

ঝিনাইদহে ফেন্সিডিলসহ বিউটি খাতুন (৩৫) নামের এক নারী মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে সদর থানা পুলিশ। শনিবার রাতে শহরের বাইপাস সড়কে ঢাকাগামী জেআর পরিবহনের একটি বাসে তল্লাশি চালিয়ে ফেন্সিডিলসহ তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত বিউটি খাতুন চুয়াডাঙ্গা দর্শনার মোহাম্মদপুর গ্রামের রনির স্ত্রী।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, শনিবার রাতে কোটচাদপুর থেকে বিউটি খাতুন জেআর পরিবহনে ফেন্সিডিল নিয়ে ঢাকা যাচ্ছিল এমন সংবাদের ভিত্তিতে শহরের বাইপাস সড়কে চেকপোষ্ট বসায় পুলিশ। এসময় ওই পরিবহনে তল্লাশি চালিয়ে বিউটি খাতুনের কাছে থাকা ব্যাগ থেকে ৪৬ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। পরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।

অজ্ঞানের ডাক্তার সিজার করায় ঝিনাইদহ কেয়ার হাসপাতালে এক প্রসূতি মায়ের মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলার নগর বাতান গ্রামের সাইফুলের স্ত্রী ইয়াসমিনের প্রসব বেদনা শুরু হলে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি হয়। ঝিনাইদহ সদর হাসপাতালে প্রসূতি মায়ের সিজার হবে না এই মর্মে সরকারি হাসপাতালের ক্লিনিকের দালালের সহযোগিতায় ঝিনাইদহ ট্রাক টার্মিনালের পূর্ব পাঁশে অবস্থিত কেয়ার হাসপাতালে ২৫ হাজার টাকার চুক্তিতে ভর্তি করে।

এই মর্মে ঝিনাইদহ সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডাঃ অপূর্ব কুমারের সহযোগিতায় ঝিনাইদহ সদর হাসপাতালের সাবেক সুপারিন্টন অজ্ঞানের ডাঃ আয়ুব আলী ২৭ জুন বিকাল সাড়ে ৩ টার দিকে কেয়ার হাসপাতালে সিজার করে দুইটি জমক সন্তান প্রসব করায়। রুগীর স্বজনদের অভিযোগ ইয়াসমিন সিজারের সময় অপারেশন থিয়েটারেই মারা

যায়। বিষয় টা গোপন করে রুগীকে এ্যাম্বুলেন্স ভাড়া করে যশোর পাঠায়। যাহাতে তার বলতে পারে যে রুগী উন্নত চিকিৎসার জন্য অন্যত্র পাঠানর সময় মাঝ পথে মারা গিয়াছে। প্রসূতি মায়ের দুটি জময সন্তান একটি মেয়ে ও একটি ছেলে। তারা সুস্থ আছে। জানা যায় ৪ বছর আগে ঝিনাইদহ সুরাট ইউনিয়নের হামদহ ডাঙ্গা গ্রামের ইসলাম মিয়ার মেয়ে ইয়াসমিনের বিয়ে হয় নগর বাতান গ্রামের সাইফুলের সাথে।

উল্লেখ্য কেয়ার হাসপাতালের মালিক ডাঃ অপূর্ব কুমার ঝিনাইদহ সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার। যার কারনে প্রতিদিন হাসপাতাল চলাকালিন সময়ে তাকে হাসপাতাল থেকে ৪/ ৫ বার কেয়ার হাসপাতালে ছুটতে দেখা যায়। তাছাড়া কেয়ার হাসপাতালের ম্যানেজার ঝিনাইদহ সদর হাসপাতালে বহিঃ বিভাগের টিকিট সেল করে থাকে।

জানা যায় এর আগে গত ২১ সেপ্টেম্বর ২০১৯ সালে কোর্টপাড়ার নুর আলমের স্ত্রী বিথি খাতুনকে সিজার করাতে ঝিনাইদহ কেয়ার হসপিটালে ভর্তি করা হয়। কিন্তু সিজার করার পরে দুই দিন ধরে ব্লিডিং হতে থাকে এই অবস্থায় রোগিকে ডায়াবেটিকস হসপিটাল থেকে ডায়ালাইসিস করানোর চেষ্টা করে। অবশেষে রোগির কোন পরিবর্তন না হলে তাকে ফরিদপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করেন এবং খরচ বাবদ ডাক্তার রুগীকে ১৫হাজার টাকা দেয়। রুগীর অবস্থা বেশি খারাপ দেখা দিলে ফরিদপুর থেকে রুগীকে ঢাকায় নিয়ে যেতে বলে কিন্তু রুগীর সামর্থ না থাকায় তারা রুগীকে খুলনা গাজি প্রাঃ হাসপাতালে চিকিৎসা করাতে থাকেন। এভাবে দীর্ঘ ১মাস যাবৎ চিকিৎসা চলার পরে রুগীর মৃত্যু হয়

পূর্বের ঘটনার মত ইয়াসমিন মারা যাওয়ার পর এই ঘটনা ধামা চাপা দেওয়ার জন্য ঝিনাইদহে প্রভাব শালীদের ধর পাকর করছে বলে জানা গেছে।

এই প্রসঙ্গে ডাঃ আয়ুব আলীর সাথে কথা বললে সে বলে যে আমি যখন হরিনাকুন্ডুতে ছিলাম সেই সময়ে গাইনি হিসাবে কাজ করতাম। তাছাড়া আমার ১ বছরের গাইনি কোর্স করা আছে। ঝিনাইদহের বিভিন্ন হাসপাতালে প্রতিদিন প্রসুতি সিজার করে থাকি। যাহা খোঁজ করলেই জানা যাবে।

ঝিনাইদহ জেলা সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম বলেন যে আমি জানি আয়ুর আলী অজ্ঞানের ডাক্তার সে কি ভাবে সিজার করছে তা আমার জানা নেই। আমি ভাল ভাবে জেনে বিষয়টা আপনাদের অবগত করব।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ মোঃ মিজানুর রহমান বলেন যে

আমি শুনেছি যে ঝিনাইদহের কেয়ার হাসপাতালে একজন প্রসুতির মৃত্যু হয়েছে। তবে এখন পর্যন্ত কেউ কোন অভিযোগ নিয়ে আসেনি। যদি অভিযোগ আসে তাহলে আইন গত ব্যবস্থা নেওয়া হবে।